

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail : bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

Press Release

19 November 2010

US State Department's latest report lauds Bangladesh's impressive achievements in religious freedom.

Upholding constitutional right to profess and practice all religions, appointment of a significant number of members of minority communities in important political and administrative positions, establishment of training academies for *Imams*(religious clergy), modernizing and mainstreaming the curriculum of religious education, promoting interfaith understanding, ensuring peaceful celebration of religious and secular Bengali festivals, absence of any report of religious prisoners, diminishing trend of violence against religious minorities are some of the hallmarks of the present democratic Government in Bangladesh according to the 2010 Report on International Religious Freedom released by the US Department of State on 17 November,2010. The latest Report, which is largely positive about the status of religious freedom in the country, further acknowledges that during the year under review, several Supreme Court decisions such as 'ruling the elements of the Fifth Amendment to the constitution unconstitutional' bolstered the country's status as a secular state.

It may be mentioned that the Department of State submits this annual report to the Congress in compliance with section 102(b) of the International Religious Freedom Act (IRFA) of 1998. This year's report, formally released on 17 November 2010 by US Secretary of State Hilary Clinton, contains performance of 198 countries during the period under review(01 July 2009 to 30 June 2010).

Swapan Kumar Saha, Minister (Press), Phone: 202-244-5071, Fax: 202-244-2771\7830, e-mail-
pressministerwash@yahoo.com

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail : bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

প্রেস বিজ্ঞপ্তি

নভেম্বর ১৯, ২০১০

মার্কিন পররাষ্ট্র দফতরের সর্বশেষ প্রতিবেদনে ধর্মীয় স্বাধীনতার ক্ষেত্রে বাংলাদেশের অর্জিত সাফল্যের ভূয়সী প্রশংসা।

বিগত ১৭ নভেম্বর ২০১০ তারিখে মার্কিন পররাষ্ট্র দফতর কর্তৃক প্রকাশিত আন্তর্জাতিক ধর্মীয়-স্বাধীনতা প্রতিবেদন ২০১০ অনুযায়ী ধর্মীয় স্বাধীনতা প্রদানের ক্ষেত্রে বর্তমান সরকারের কতিপয় উল্লেখযোগ্য অর্জন হচ্ছে, বিভিন্ন ধর্ম অনুসরণ ও প্রচারে সার্বজনীন সাংবিধানিক অধিকার নিশ্চিতকরণ, ধর্মীয় সংখ্যালঘু প্রতিনিধিদের প্রশাসনিক ও রাজনৈতিক গুরুত্বপূর্ণ পদে উল্লেখযোগ্য সংখ্যায় নিয়োগ প্রদান, ইমামদের জন্য প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন, ধর্মীয় শিক্ষার পাঠ্যসূচী আধুনিকায়ন ও মূলধারার সাথে সমন্বয়করণ, বিভিন্ন ধর্মানুসারীদের মধ্যে পারস্পরিক সহমর্মিতা বৃদ্ধিতে ভূমিকা রাখা, বিভিন্ন ধর্মীয় ও ধর্মনিরপেক্ষ উৎসব শান্তিপূর্ণভাবে পালনের পরিবেশ সৃষ্টি, ধর্মীয় কারণে কাউকে বন্ধী না করা, ধর্মীয় সংখ্যালঘুদের উপর সহিংসতা হ্রাসে ভূমিকা রাখা। বাংলাদেশে বিদ্যমান ধর্মীয় স্বাধীনতা সম্পর্কে যথেষ্ট ইতিবাচক উক্ত প্রতিবেদনটি আরও উল্লেখ করে যে, প্রতিবেদনাধীন সময়ে বাংলাদেশ সুপ্রীম কোর্টের বিভিন্ন সিদ্ধান্ত যেমন- সংবিধানের পঞ্চম সংশোধনী অসাংবিধানিক মর্মে রায় প্রদান, বাংলাদেশে ধর্মীয় স্বাধীনতা বিস্তারে বিশেষ ভূমিকা রেখেছে।

উল্লেখ্য, ১৯৯৮ সালের আন্তর্জাতিক স্বাধীনতা আইন (আই,আর,এফ,এ) এর ১০২ এর (বি) ধারা অনুযায়ী মার্কিন পররাষ্ট্র দফতর মার্কিন কংগ্রেসে এ বার্ষিক প্রতিবেদন প্রদান করে। মার্কিন পররাষ্ট্রমন্ত্রী হিলারী ক্লিনটন কর্তৃক বিগত ১৭ নভেম্বর, ২০১০ তারিখে আনুষ্ঠানিকভাবে অবমুক্তকৃত প্রতিবেদনটিতে ১লা জুলাই ২০০৯ হতে ৩০ জুন ২০১০ সময়কালে ১৯৮টি দেশে বিদ্যমান ধর্মীয় স্বাধীনতার পরিস্থিতি সম্পর্কে বিবরণ প্রকাশ করা হয়।

স্বপন কুমার সাহা, মিনিস্টার (প্রেস), বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি ফোন : ২০২-২৪৪-৫০৭১, ফ্যাক্স : ২০২-২৪৪-২৭৭১/৭৮৩০ ই-মেইল : pressministerwash@yahoo.com